

Total number of printed pages—4

63(FY) SEM-4/AEC/BENAEC2022

2025

BENGALI

(AEC)

Paper : BENAEC2022

(Manuscript Preparation)

(পাণ্ডুলিপি প্রস্তুতিকরণ)

Full Marks : 50

Pass Marks : 20

Time : Two hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো :

১×৫=৫

(ক) পাণ্ডুলিপির উপাদানগুলিকে জলে ভিজিয়ে, সেদ্ধ করে, রোদে কেন শুকানো হত?

(i) পোকা না লাগার জন্য

(ii) উপাদানকে শক্ত করার জন্য

(iii) ধর্মীয় রীতির কারণে

(iv) আরো আকর্ষণীয় করে তোলার জন্য

(খ) লেখক পাণ্ডুলিপি প্রস্তুত করে প্রথম কার কাছে নিয়ে যান?

- (i) পাঠক
- (ii) প্রকাশক
- (iii) প্রুফরিডার
- (iv) সমালোচক

(গ) পাণ্ডুলিপি প্রস্তুতির কয়টি পর্যায় থাকে?

- (i) এক
- (ii) তিন
- (iii) চার
- (iv) পাঁচ

(ঘ) MLA শব্দটির সম্পূর্ণ রূপ কী?

- (i) Modern Literature Association
- (ii) Modern Linguistics Association
- (iii) Modern Language Association
- (iv) Modern Level Association

(ঙ) পাদটীকার ইংরাজি প্রতিশব্দ কী?

- (i) Footnote
- (ii) End-note
- (iii) Bibliography
- (iv) Front-note

২। নিম্নলিখিত প্রশ্নগুলির (যে-কোনো পাঁচটি) সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

- (ক) 'তদেব' কোথায়, কখন ব্যবহৃত হয়?
- (খ) পাদটীকার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (গ) 'ড্যাশ' ও 'হাইফেন' কোন্ কোন্ ক্ষেত্রে ব্যবহৃত হয়?
- (ঘ) পাণ্ডুলিপি নির্মাণে সম্পাদনার ভূমিকা কয়টি পর্যায়ে বিভক্ত, নাম উল্লেখ করো।
- (ঙ) পুররীক্ষণ পাণ্ডুলিপি নির্মাণের কোন্ স্তর এবং এর আক্ষরিক অর্থ কী?
- (চ) কাগজ আবিষ্কৃত হওয়ার পূর্বে পুথি লেখার লেখপত্র হিসেবে ব্যবহৃত দুটি উপাদানের নাম লেখো।
- (ছ) পাণ্ডুলিপি প্রস্তুত হওয়ার পর লেখক ও প্রকাশকের মধ্যে যে যে বিষয়ে আলোচনা হয় তার মধ্যে দুটি উল্লেখ করো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি) ৫×৫=২৫

- (ক) প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (খ) পাদটীকা সম্পর্কে আলোচনা করো।

- (গ) তথ্যসূত্র নির্মাণ পদ্ধতি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।
- (ঘ) পাণ্ডুলিপির উপাদান সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- (ঙ) কবিতা রচনায় কবিকে কোন্ কোন্ বিষয়ে লক্ষ্য রাখতে হয়?
- (চ) নাটকের পাণ্ডুলিপির বিষয়ে আলোচনা করো।
- (ছ) চিন্তন বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।
- (জ) খসড়া লেখন সম্পর্কে উল্লেখ করো।

৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) গল্প বা উপন্যাসের পাণ্ডুলিপি প্রস্তুতি সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।
- (খ) আন্তর্জাতিক প্রেক্ষাপটে প্রবন্ধের উল্লেখসূত্র নির্মাণের কয়েকটি জনপ্রিয় পদ্ধতি আছে—আলোচনা করো।